

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
ও.আর.নিজাম রোড শাখা ।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব ইসলামউদ্দীন জাহান আনসারী স্বত্বাধিকারী- মেসার্স পি এন্ড আর ট্রেডার্স, পিতা- মো: আনসারুল রহমান, মাতা-নুরজাহান আনসারী, ব্যবসায়িক ঠিকানা- হক মঞ্জিল (২য় তলা), ৪৮৯/এ সুলতান কলোনী,শেখ মুজিব রোড, চৌমুনি,চট্টগ্রাম, বর্তমান ঠিকানা- হোল্ডিং নং-২৬৪, গোলাম রহমান লেইন কলেজ রোড, চন্দনপুরা চকবাজার-৪২০৩, চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা-হোল্ডিং নং-২৬৪, গোলাম রহমান লেইন কলেজ রোড, চন্দনপুরা চকবাজার-৪২০৩, চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ও.আর.নিজাম রোড শাখা গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১-০১-২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,৩৩,৭২,১১৫.৮৩ (টাকা দুই কোটি তেরিশ লক্ষ বাহাত্তর হাজার একশত পনের টাকা তিরিশি পয়সা) মাত্র টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ০৭-০৩-২০১৯ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, ও.আর.নিজাম রোড শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, ও.আর.নিজাম রোড শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

বন্ধকী সম্পত্তির তফসিল

মৌজা- ইমামগঞ্জ, থানা- কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম, জেএল নং-০৩, আর.এস খতিয়ান নং- ৩৩৪,৩০৩,আর.এস দাগ নং- ১০৫০, ১০৪৯, পি.এস খতিয়ান নং -২৫১,২৪৮ পি.এস.দাগ নং-৫২৬,৫২৪, বি.এস খতিয়ান নং-১৪, বি.এস.নামজারী খতিয়ান নং-৬০৬, বি.এস.দাগ নং-১১০৯ জমির পরিমাণ ৯.৫০ শতক, তদস্থিত দুই তলা ভবন পরিমাণ ৩০৯৬ বর্গ ফুট, জায়গার মালিক-জনাব আনসারুল রহমান।

চৌহদ্দি:- উত্তরে:- নালা তৎপর ইলিয়াস কলোনী

দক্ষিণে:- নুরুল আলমের খালি জমি

পূর্বে:- বাকলিয়া খাল

পশ্চিমে:-চলাচলের রাস্তা এবং আবদুল হালিমের দোতলা ভবন

ব্যবস্থাপক, ইউসিবি, ও.আর.নিজাম রোড শাখা।